

প্রেস বিজ্ঞপ্তি

১৪ লাখ সরকারি কর্মকর্তা-কর্মচারীর কল্যাণে সরকার অত্যন্ত আন্তরিক।

- জনপ্রশাসন প্রতিমন্ত্রী

ঢাকা, ০৮/১২/২০১৫


প্রায় ১৪ লাখ সরকারি কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারের সদস্যদের আর্থ-সামাজিক নিরাপত্তা বিধানসহ সার্বিক কল্যাণে বর্তমান সরকার অত্যন্ত আন্তরিক। সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ দেশের চালিকাশক্তি। তাঁদের কাজের দক্ষতা, সততা ও একনিষ্ঠতার উপর দেশের উন্নয়ন অনেকাংশে নির্ভরশীল।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক আজ ঢাকায় মতিঝিল মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের সংস্কার ও আধুনিকীকরণ কাজের উদ্বোধনকালে এসব কথা বলেন। এসময় তিনি এ প্রশিক্ষণ কেন্দ্রে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করেন।

প্রতিমন্ত্রী বলেন, বঙ্গবন্ধু ১৯৭৪ সালে স্টাফবাস কর্মসূচির প্রবর্তন করেন। এখন ৯ হাজারের বেশী কর্মকর্তা-কর্মচারী স্বল্প ভাড়া স্টাফ বাসে যাতায়াত করে।

অনুষ্ঠানে জানানো হয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে ২০১৪-২০১৫ বছরে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের চিকিৎসা সাহায্যসহ বিভিন্ন ক্ষেত্রে একশ ছত্রিশ কোটি সাত লক্ষ টাকার আর্থিক সুবিধা প্রদান করা হয়েছে।

এ সময় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালক শিরিন আখতার উপস্থিত ছিলেন।

  
মোঃ তৌহিদুল ইসলাম  
সিনিয়র তথ্য অফিসার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
মোবাইলঃ ০১৭১৮৫৪৩৬২৫